

অথবা

৪. ব্রহ্মচর্যাশ্রম গড়ে ওঠার প্রথম যুগের ইতিহাসে রবীন্দ্রনাথের মানসিক ভাঙা-গড়ার নানা মাত্রা যুক্ত হয়ে আছে। কথাটি ব্যাখ্যা করে লেখো। ১০

৫. রবীন্দ্রনাথের আর্জেন্টিনা ভ্রমণের অভিজ্ঞতা বর্ণনা করে, সমকালীন কবিতায় তার যে রূপ ধরা পড়েছিল তা বিশ্লেষণ করো। ১০

অথবা

৬. ‘মৎপুতে রবীন্দ্রনাথ’ কি তোমার চেনা রবীন্দ্রনাথের বাইরের কোনও অচেনা রবীন্দ্রনাথ? এই পর্বে রবীন্দ্রজীবনে দর্শনগত কোনও পরিবর্তন কি হয়েছিল বলে তোমার মনে হয়? যুক্তিসহ আলোচনা করো। ১০

৭. রবীন্দ্রজীবনে রাজনীতির ভূমিকা কতখানি গুরুত্বপূর্ণ তা সমকালীন একটি বা দুটি রাজনৈতিক ঘটনার অনুষঙ্গে ব্যাখ্যা করো। ১০

৮. দীর্ঘজীবনে রবীন্দ্রনাথ বারবার প্রিয়জনের ‘মৃত্যু’ দেখেছেন। ‘মৃত্যু’র সেই অনুষঙ্গ কবি রবীন্দ্রনাথের মৃত্যুভাবনাকে কি কোনওভাবে প্রভাবিত করেছিল? যুক্তিসহ তোমার মতামত দাও।

— X —

স্নাতকোত্তর অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০১৯

(প্রথম বর্ষ, প্রথম সেমেস্টার)

বিভাগ বাংলা

ঐচ্ছিকপত্র রবীন্দ্রজীবন

কোর্স পি.জি. - ১.৫৫

সময় ২ ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. ১৮৯৮ সালে স্ত্রী মৃগালিনী দেবীকে এক চিঠিতে রবীন্দ্রনাথ লিখেছিলেন, ‘কলকাতার স্বার্থদেবতার পাষণ মন্দির থেকে তোমাদের দূরে নিভৃত পল্লীগ্রামের মধ্যে নিয়ে আসতে...উৎসুক হয়েছি।’ কলকাতা তথা জোড়াসাঁকো সম্বন্ধে রবীন্দ্রনাথের এই মনোভাবের সম্ভাব্য কারণ সংক্ষেপে বুঝিয়ে লেখো। ১০

অথবা

২. ‘লিপিকা’র ‘প্রথম শোক’ নামের লেখাটায় রবীন্দ্রনাথ বলেছিলেন, ‘যা ছিল শোক, আজ তাই হয়েছে শান্তি।’ একটি মৃত্যুঘটনাকে কেন্দ্র করে কবির ‘শোক’ থেকে ‘শান্তি’তে উত্তীর্ণ হবার যে মানসিক পরিক্রমা, সেটি নিজের ভাষায় বুঝিয়ে লেখো। ১০

৩. জমিদারেরা ‘জমির জেঁক’, ‘তাঁরা কোনো যথার্থ দায়িত্ব গ্রহণ না করে...বিলাসের অধিকার লাভ করে,’ প্রমথ চৌধুরীর ‘রায়তের কথা’ বইয়ের ভূমিকায় এই ছিল রবীন্দ্রনাথের মন্তব্য। এই মন্তব্যের সাপেক্ষে জমিদার হিসেবে স্বয়ং রবীন্দ্রনাথের কার্যকলাপের একটি মূল্যায়ন করো। ১০

(Turn over)